

Grand file no
2011/10/10/20
29

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(জেলা পরিষদ শাখা)

জেলা পরিষদ, ফেনী।	
সং: জেলা/সং: পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়	ক্রমিক নং: ১৪০৪
উ: সং: (সং:)	সচিব
সং: (সং:)	উপ সচিব প্রকাশ:
সং: (সং:)	হিসাব বক্ষক
সং: (সং:)	সার্বভৌম

স্মারক নং - জেপশা/বাজেট-৩/২০০৯/ ২৬৬২

তারিখ: ২৬/০৯/২০১০ খ্রিস্টাব্দ।

বিষয়: জেলা পরিষদের ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারী নিয়োগ সংক্রান্ত নীতিমালা।

জেলা পরিষদসমূহের রাজস্ব বাজেট অনুমোদন ও বার্ষিক পর্যালোচনা সভা, ২০১০ এর সিদ্ধান্ত অনুযায়ী জেলা পরিষদসমূহকে ক্ষমতায়ন ও জেলা পরিষদসমূহের ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারী নিয়োগের বিষয়টি সহজতর করার লক্ষ্যে নিম্নরূপ নীতিমালা জারী করা হ'ল:

- ১) জেলা পরিষদের ৩য় ও ৪র্থ শ্রেণীর সকল পদে লোক নিয়োগের জন্য মন্ত্রণালয়ের ছাড়পত্র গ্রহণ করতে হবে। ছাড়পত্র প্রদানের জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণকালে সাংগঠনিক কাঠামো অনুযায়ী মোট পদ, কর্মরত ও শূন্য পদের সংখ্যা উল্লেখপূর্বক পদ শূন্য হওয়ার কারণ এবং প্রস্তাবিত লোক নিয়োগে বেতন ভাতা প্রদানের স্বক্ষমতা রয়েছে কিনা তা উল্লেখ করতে হবে।
- ২) ছাড়পত্র গ্রহণপূর্বক শূন্য পদে নিয়োগের নিমিত্ত বহুল প্রচারিত ১টি জাতীয় ও ১টি স্থানীয় পত্রিকায় বিজ্ঞাপন প্রকাশ করতে হবে। এছাড়াও নিয়োগ বিজ্ঞপ্তি সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী কর্মকর্তার দপ্তরের নোটিশ বোর্ডে সকলের গোচরীভূত হয় এরূপ স্থানে লাগাতে হবে।
- ৩) জেলা পরিষদের নিয়োগ ও বাছাই কমিটির মাধ্যমে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করে স্থানীয় সরকার বিভাগকে অবহিত করতে হবে। নিয়োগ অনুমোদনের প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণের আবশ্যিকতা নেই।
- ৪) ছাড়পত্র প্রদানকৃত কোন পদে কোন অনিয়মিত বা মাস্টাররোল কর্মচারীকে নিয়মিত/আত্মীকরণ করা যাবেনা।
- ৫) সরকার কর্তৃক সময় সময় জারীকৃত কোটা, বয়স ও অন্যান্য শর্তাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে।
- ৬) নিয়োগের ক্ষেত্রে স্থানীয় সরকার (জেলা পরিষদ) কর্মকর্তা ও কর্মচারী চাকুরি বিধিমালা, ১৯৯০ এবং প্রচলিত সরকারি বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে। নিয়োগের ক্ষেত্রে প্রচলিত বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ না করা হলে বা এ সংক্রান্ত কোন অভিযোগ উত্থাপিত হলে মন্ত্রণালয় উক্ত নিয়োগ বাতিলসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।
- ৭) বর্ণিত নির্দেশাবলী ছাড়াও নিয়োগের ক্ষেত্রে সময় সময় জারীকৃত বিধি-বিধান, পরিপত্র, আদেশ ও নির্দেশাবলী অনুসরণ করতে হবে।

২৬/০৯/১০
(জুকইনা মাসরীন)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৭১৬৯২৭৪

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ----- (সকল)।

অনুলিপি:

- ১। কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/সিলেট/বুলনা/বরিশাল/রংপুর।
- ২। মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
- ৩। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ৪। যুগ্ম-সচিব(প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ।
- ৫। উপ-সচিব(প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ।